# মা ও শিশু সহায়তা কর্মসূচীর উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
তারিখ ঃ ২৯ ফেব্রুয়ারি ২০২৪
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ।
সময় ঃ সকাল ১০:০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-ক-দ্রষ্টব্য

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-২৯৪, তারিখ ১০/০৮/২০২৩ খ্রিঃ অনুযায়ী মা ও শিশু সহায়তা কর্মসূচীর উপজেলা পর্যায়ে ভাতাভোগী প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে নির্বাচন করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোকপাত করে নিম্নোক্ত আলোচনা করা হয়ঃ

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ০৯ টি ইউনিয়ন ও ২ টি পৌরসভায় ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ মাসে মোট ৩০৬ টি অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে। এর মধ্যে আবেদন ও মোট বরাদ্দ (আলোচনার মাধ্যমে পুনঃবন্টিত) চিত্র নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র. নং.</th><th>ইউনিয়ন/ পৌরসভা</th><th>মোট বরাদ্দ</th><th>মোট আবেদন</th><th>মোট নির্বাচিত ভাতাভোগীর সংখ্যা</th><th>মোট বাতিল আবেদন</th></tr>
<tr><td>০১</td><td>গোদাগাড়ী</td><td>১৫</td><td>২৮</td><td>৩১</td><td>০</td></tr>
<tr><td>০২</td><td>মোহনপুর</td><td>২৫</td><td>৩৭</td><td>২৪</td><td>১৪</td></tr>
<tr><td>০৩</td><td>পাকড়ী</td><td>১৫</td><td>২২</td><td>১৮</td><td>৬</td></tr>
<tr><td>০৪</td><td>রিশিকুল</td><td>১৫</td><td>১৮</td><td>১৮</td><td>২</td></tr>
<tr><td>০৫</td><td>গোগ্রাম</td><td>২৫</td><td>৪১</td><td>৩৯</td><td>৭</td></tr>
<tr><td>০৬</td><td>মাটিকাটা</td><td>৩৫</td><td>৩৯</td><td>৩২</td><td>৮</td></tr>
<tr><td>০৭</td><td>দেওপাড়া</td><td>৩৫</td><td>৩৫</td><td>৩০</td><td>৭</td></tr>
<tr><td>০৮</td><td>বাসুদেবপুর</td><td>১৫</td><td>১৯</td><td>১৫</td><td>৪</td></tr>
<tr><td>০৯</td><td>চর আষারিয়াদহ</td><td>১৫</td><td>১৭</td><td>১৪</td><td>৩</td></tr>
<tr><td>১০</td><td>গোদাগাড়ী পৌরসভা</td><td>৪৫</td><td>৩৯</td><td>৩৪</td><td>৫</td></tr>
<tr><td>১১</td><td>কাঁকনহাট পৌরসভা</td><td>২৭</td><td>১১</td><td>১১</td><td>১</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>২৬৭</td><td>৩০৬</td><td>২৬৬</td><td>৫৭</td></tr>
</table>
</td><td>সভায় নির্বাচনযোগ্য সকল আবেদন সর্বসম্মতিক্রমে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। কোটা স্বল্পতার জন্য যে সকল আবেদন গ্রহন করা সম্ভব হয় না তা পরবর্তী মাসের জন্য অপেক্ষমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>০২</td><td>সভায় সদস্য সচিব আরও জানান যে, বরাদ্দ অনুযায়ী প্রাপ্ত আবেদন কম হওয়ায় কোন কোন ইউনিয়ন/পৌরসভায় ভাতা সমন্বয় করার প্রয়োজন হয়। বিশেষ করে চর আষারিয়াদহ ও কাঁকনহাট পৌরসভায় ভাতাভোগী কর্মসূচীর শুরু হতেই অনেক কম থাকায় বরাদ্দ কোটা পূর্ণ করা সম্ভব হয়না। অপর দিকে গোগ্রাম, মোহনপুর, মাটিকাটা ও দেওপাড়া ইউনিয়নে জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ায় নতুন বিভাজন অনুযায়ী ভাতাভোগী নির্বাচনে সমস্যার সম্মুখীন হতে হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা ২০২২ মোতাবেক মা ও শিশুর পুষ্টি নিশ্চিত করার লক্ষ্যে ৪ থেকে ৬ মাসের গর্ভবতী মহিলারা এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবে তবে IFPRI গবেষণা এলাকায় ৩ থেকে ৫ মাসের গর্ভবতী উপকারভোগী হিসেবে আবেদন করতে পারবেন।</td><td>সভায় গোদাগাড়ী উপজেলায় মোট বরাদ্দ ও প্রাপ্ত আবেদনের যৌক্তিকতা সাপেক্ষে অন্য ইউনিয়ন/পৌরসভায় নীতিমালার আলোকে ভাতা সমন্বয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। অপেক্ষাকৃত দরিদ্র ও ইতঃপূর্বে কর্মসূচীর সুবিধা পায়নি এমন মা'দের অগ্রাধিকার দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>ইউনিয়ন/পৌরসভা/উপজেলা মা ও শিশু সহায়তা ভাতাভোগী নির্বাচন কমিটি।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ইউনিয়ন কমিটি ভুল তথ্য পেয়ে/রাজনৈতিক প্রভাবের কারনে মাঝে মাঝে নীতিমালা পরিপন্থী হয়ে ভাতাভোগী নির্বাচন করেন। যা সার্বিকভাবে কর্মসূচীর উদ্দেশ্যকে ব্যহত করে ও সংশ্লিষ্ট কর্মকর্তার ভাবমূর্তি ক্ষুণ্ন করে। উল্লেখ্য যে, মা ও শিশু সহায়তা কর্মসূচী গোদাগাড়ী উপজেলায় পাইলটিং কর্মসূচী এবং WFP, IFFRI, RAPID এবং সূচনা ফাউন্ডেশন মা ও শিশু সহায়তা কর্মসূচীর ওপর সার্ভে ও গবেষণা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। যে কোন ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণ করার জন্য অনুরোধ করেন এবং তিনি আরও জানান নীতিমালা অনুযায়ী উপজেলা কমিটি প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ভাতাভোগী নিষ্ক্রিয় করার এখতিয়ার রাখে। অনেক সময় ইউনিয়ন কমিটি ইউনিয়ন নারী উন্নয়ন কর্মীর তথ্যের সাথে দ্বিমত পোষণ করেন এবং ভুল তথ্য বা অন্য কোনভাবে বিভ্রান্ত হয়ে ভাতাভোগী সুপারিশ করেন। | সভায় ভাতাভোগী সুপারিশের ব্যাপারে নীতিমালা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। | ইউনিয়ন/পৌরসভা/উপজেলা মা ও শিশু সহায়তা ভাতাভোগী নির্বাচন কমিটি। |
| ০৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আরও জানান যে, IFFRI কর্তৃক গবেষণা কার্যক্রম এর অংশ হিসেবে প্রসবের আগদিন পর্যন্ত ভাতাভোগী মা'দের মাঝে নির্বাচিত ওয়ার্ডে ১০ কেজি পুষ্টি চাল, ৩.৫ কেজি ডাল ও ১ লিটার পুষ্টি তেল সহযোগী এনজিও এনডিপি কর্তৃক সরবরাহ অব্যাহত রয়েছে। IFFRI র মাঠকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করছে। তবে কিছু কিছু পরিবার তাদের খানার তথ্য দিতে চাচ্ছেন না। এ বিষয়ে এনজিও কর্মী ও সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করছি। | সভায় ভাতাভোগী মা'দের মাঝে নির্বাচিত ওয়ার্ডে ১০ কেজি পুষ্টি চাল, ৩.৫ কেজি ডাল ও ১ লিটার পুষ্টি তেল বিতরণকালে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান ও ট্যাগ অফিসারকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। এনজিও কর্মী ও সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের ভাতাভোগিদের গবেষণা কার্যক্রমে সহযোগিতা করতে বলার জন্য অনুরোধ করা করা হল। | ইউনিয়ন/পৌরসভা/উপজেলা মা ও শিশু সহায়তা ভাতাভোগী নির্বাচন কমিটি/ট্যাগ অফিসার (সকল) |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আরও জানান সহযোগী এনজিও এনডিপি কর্তৃক বিসিসি/পুষ্টি সংক্রান্ত উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রয়েছে। | সভায় বিসিসি/পুষ্টি সংক্রান্ত উঠান বৈঠক কার্যক্রম মনিটর করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০২/২৪

আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা নির্বাচন কমিটি
গোদাগাড়ী, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী

স্মারক নং- ৩২.০১.৮১৩৪.০০০.১৪.০০২.২২-০৫৯ তারিখঃ ২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। প্রকল্প পরিচালক, মা ও শিশু সহায়তা কর্মসূচী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী
৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী
৪। চেয়ারম্যান/মেয়র,.......................... ইউনিয়ন/পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী
৫। উপজেলা সমন্বয়কারী, এনডিপি, গোদাগাড়ী, রাজশাহী
৬। অফিস কপি।

২৯/২/২৪

মোসা: রহিমা রওনাক
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:)
ও
সদস্য-সচিব
উপজেলা মা ও শিশু সহায়তা নির্বাচন কমিটি
গোদাগাড়ী, রাজশাহী।